

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭ - ৬৬৬

তারিখ: ২৪.০৫.২০১৭ খ্রি।

বিষয়: নওগাঁ জেলার সদর উপজেলাধীন নামাজগড় গাউছুল আজম কামিল মাদরাসার ইংরেজি প্রভাষক জনাব মো: আশরাফুল ইসলাম এর এমপিওভুক্তির বিষয়ের সাথে সংশ্লিষ্ট মাদরাসাটির সাধারণ গ্রুপে কর্মরত শিক্ষকদের তথ্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: জেলা শিক্ষা অফিস, নওগাঁ এর স্মারক নং-জেশিঅ/নওগাঁ/১৬৯১

তারিখ: ২১.১১.২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে জেলা শিক্ষা অফিসার, নওগাঁ কর্তৃক নামাজগড় গাউছুল আজম কামিল মাদরাসার প্রভাষক (ইংরেজি) পদে নিয়োগ প্রাপ্ত জনাব মো: আশরাফুল ইসলাম এর এমপিওভুক্তি বিষয়ে নির্দেশনা চেয়ে একখানা দরখাস্ত এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. জনাব মো: আশরাফুল ইসলাম, প্রভাষক (ইংরেজি) বর্ণিত মাদরাসার সাধারণ গ্রুপের একজন প্রভাষক। তাঁর (জনাব মো: আশরাফুল ইসলাম, প্রভাষক, ইংরেজি) এমপিওভুক্তি সংক্রান্ত নির্দেশনা প্রদানের পূর্বে সাধারণ গ্রুপে নিয়োজিত অন্যান্য প্রভাষকদের নিয়োগ সংক্রান্ত তথ্য জানা প্রয়োজন।

০৩. সর্বশেষ জনবল কাঠামো {৪ ফেব্রুয়ারী, ২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)} অনুযায়ী ফাযিল মাদরাসায় বাংলা ও ইংরেজি বিভাগের প্রভাষকসহ সাধারণ গ্রুপে মোট ৩ জন প্রভাষক কর্মরত থাকার বিধান রয়েছে। কিন্তু জেলা শিক্ষা অফিসার, নওগাঁ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, সূত্রোক্ত ১ নং স্মারক মোতাবেক সাধারণ গ্রুপে নিম্নোক্তরূপে ৪ জন প্রভাষক কর্মরত দৃষ্ট হয়-

ক্রমিক নং	নাম ও প্রতিনিধি	ইনডেক্স	যোগদানের তারিখ	এমপিওভুক্তির তারিখ	মন্তব্য
০১.	মো: ওজায়ের উদ্দিন সালাফি প্রভাষক, বাংলা	৩৬৫৫২৬	৩০.০৬.১৯৯৪	০১.০৭.১৯৯৪	
০২.	মোস্তফা হুমায়ন কবীর প্রভাষক, অর্থনীতি	৩৬৫৫২৯	২৯/০৯/১৯৯৩	৩১/১০/১৯৯৩	
০৩.	মোঃ লাল মিয়া প্রভাষক, অর্থনীতি	৩৯০৪৬০	১৫/০৬/১৯৯৫	০১/০৩/১৯৯৭	
০৪.	মোঃ আনোয়ার হোসেন প্রভাষক, পৌরনীতি	৩৯০৪৫৯	১৫/০৬/১৯৯৫	০১/০৩/১৯৯৭	


০৪. বর্ণিত ছক মোতাবেক মাদরাসাটিতে বাংলা বিভাগের ১ জন প্রভাষকসহ মোট ৪ জন প্রভাষক কর্মরত রয়েছে। তন্মধ্যে বাংলা বিভাগের প্রভাষকের পদটি প্যাটার্নভুক্ত পদ এবং বাকী মানবিক ও সমাজ বিজ্ঞান বিষয়ের ৩ টি প্রভাষক পদের মধ্যে ১ টি পদ প্যাটার্নভুক্ত এবং বাকী ২ টি পদ প্যাটার্ন বহির্ভূত/উদ্বৃত্ত মর্মে প্রতীয়মান হয়।

০৫. বর্ণিত মাদরাসার ইংরেজি প্রভাষক জনাব মো: আশরাফুল ইসলাম এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদানের নিমিত্ত দাপ্তরিক প্রয়োজনে নিম্নোক্ত তথ্য প্রয়োজন-

- ছকে বর্ণিত শিক্ষকদের প্রভাষক পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তির (পত্রিকার) মূল কপি।
- বর্ণিত শিক্ষকদের প্রভাষক পদে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শীটের মূল কপি।
- সংশ্লিষ্ট পদে নিয়োগ পত্র প্রদানের নিমিত্ত গভর্নিং বডি কর্তৃক রেজুলেশনের মূল কপি।
- সংশ্লিষ্ট পদের বিপরীতে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের মূল কপি।
- গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের আলোকে বর্ণিত প্রভাষকদের সংশ্লিষ্ট পদে যোগদান পত্রের মূল কপি।
- নিয়োগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট পদে যথাযথ কর্তৃপক্ষ বরাবর এমপিও প্রাপ্তির নিমিত্ত আবেদন পত্র।
- শিক্ষাগত যোগ্যতার সনদের কপি।

০৬. জনাব মো: আশরাফুল ইসলামের ইংরেজি বিষয়ে এমপিওভুক্তি সংক্রান্ত নির্দেশনার প্রদানের নিমিত্ত উপরিউক্ত তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায় এ অধিদপ্তর কর্তৃক নওগাঁ জেলার সদর উপজেলাধীন নামাজগড় গাউছুল আজম কামিল মাদরাসার ইংরেজি প্রভাষক জনাব মো: আশরাফুল ইসলাম এর এমপিওভুক্তির নির্দেশনা প্রদানের নিমিত্ত উপরিউক্ত চাহিত তথ্য আগামী ০৩.০৬.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সরকারী ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৬৭

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

নামাজগড় গাউছুল আজম কামিল মাদরাসা, সদর, নওগাঁ।

অনুলিপি:

- সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
- জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
- অফিস কপি।